

২০২২=

ঢাকা ওয়াসা

- ১। বোপাউপ্ল্যার ২০২৫-২০২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ও সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- ২। প্ল্যান্ট লে-আউটের কপি, রিভার্স অসমোসিস মেমব্রেন ফিল্টারের বর্তমান অবস্থা ও এ সংক্রান্ত কাগজপত্র।
- ৩। আলোচ্য রিভার্স অসমোসিস মেমব্রেন ফিল্টার এর মজুদ, ব্যবহার ও চাহিদার প্রতিবেদন।
- ৪। প্ল্যান্টে বিদ্যমান Reverse Osmosis Membrane ফিল্টারের বেসিক কারিগরী তথ্যাদি।
- ৫। পূর্বের অনুমোদিত দরের নোটশীট ও প্রাক্কলনের কপি।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

বিষয় : “Procurement of Reverse Osmosis Membrane Filter Cartridge, Micron Filter Cartridge and others for purification system of BWPP” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং- (১) হতে (৬) দেখা যেতে পারে। প্ল্যান্টের পিউরিফিকেশন সেকশনটি ১৩টি ধাপের পরিশোধন ইউনিট নিয়ে গঠিত। যার ৫ম ধাপে রিভার্স অসমোসিস ইউনিট অবস্থিত। এই ইউনিটটিতে ৯টি ৪০ইঞ্চি/৮ইঞ্চি সাইজের Toray, Japan ব্র্যান্ডের 8040 TM720D-400 মডেলের মেমব্রেন ফিল্টার ৩টি ভেসেলে আছে। এই মেমব্রেনগুলি দ্বারা ন্যানো সাইজ থেকে বড় জীবাণু, অর্গানিক ও ইন-অর্গানিক পার্টিকেল যাদের মলিকুলার ওয়েট ১০০ থেকে বেশি সে সব আটকা পরে। দীর্ঘদিন ব্যবহার করার ফলে বিভিন্ন ধরনের পার্টিকেল দ্বারা ফিল্টারগুলি ব্লক হয়ে যায়। প্রাথমিক অবস্থায় ব্লক হলে ওয়াশ এর মাধ্যমে পুনঃ ব্যবহার করা হয়। প্ল্যান্টের মেমব্রেন ফিল্টারগুলি ২০২৩ইং সালে পরিবর্তন করে অদ্যাবধি এন্টি স্কেলিং, কেমিক্যাল ট্রিটমেন্ট, ব্যাক ওয়াশ করে চালু রাখা হয়েছে। রিভার্স অসমোসিস ইউনিট থেকে প্রাপ্ত পানির গড় টিডিএস ৪-৬ মি.লি. গ্রাম/লি. থাকে। কিন্তু বর্তমানে ইউনিটটির ১ম ভেসেল থেকে ৭.৩ মি.লি. গ্রাম/লি., ২য় ভেসেল থেকে ৮.২ মি.লি. গ্রাম/লি. এবং ৩য় ভেসেল থেকে ৭.৬ মি.লি. গ্রাম/লি. অর্থাৎ গড় টিডিএস ৭.৭ মি.লি. গ্রাম/লি. মানের পানি উৎপাদিত হচ্ছে এবং প্রোডাকশনও ২০% কমে এসেছে। মেমব্রেন ফিল্টারগুলিকে এন্টি স্কেলেন্ট, ওয়াশিং কেমিক্যাল ট্রিটমেন্ট, ব্যাক ওয়াশ দিয়েও পর্যাপ্ত পানি উৎপাদন করা যাচ্ছে না। তাছাড়া মেমব্রেন ফিল্টারগুলোর আয়ুষ্কাল ১ বছর ইতিমধ্যে শেষ হয়েছে। ফলে পানির উৎপাদন ও গুণগুণ রক্ষার স্বার্থে মেমব্রেন ফিল্টারগুলি পরিবর্তন করা প্রয়োজন, সাথে ০.২ মাইক্রোন ফিল্টার, ০.৫ মাইক্রোন ফিল্টার, ১.০ মাইক্রোন ফিল্টার ও ৫.০ মাইক্রোন ফিল্টারগুলির মজুদও প্রায় শেষ, এই ফিল্টারগুলিও জরুরি সংগ্রহ করা প্রয়োজন।

০২। উক্ত মেমব্রেন ফিল্টারগুলিসহ অন্যান্য মাইক্রোন ফিল্টারগুলি সংগ্রহের জন্য পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (ক্রমিক নং- ৬) তৈরি করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৯,৮৫,২৫০/- (নয় লক্ষ পঁচাশি হাজার দুইশত পঞ্চাশ টাকা মাত্র) টাকা। কাজটি অনুমোদিত হলে বোপাউপ্ল্যার অনুমোদিত ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার SL. No -3, Package No-G-3 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি, OTM(e-GP) প্রক্রিয়ায় সম্পন্ন করা যেতে পারে। কাজটির দরপত্র দলিল CPTU প্রণীত STD (e-PG2) অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্য সম্পাদন করা হবে। কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী আলোচ্য প্রাক্কলনটি অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


০৩। এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং- ০১ হতে ০২ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Procurement of Reverse Osmosis Membrane Filter Cartridge, Micron Filter Cartridge and others for purification system of BWPP” কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।


ক। উল্লেখিত কাজে ৯,৮৫,২৫০/- (নয় লক্ষ পঁচাশি হাজার দুইশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির অনুমোদন।


খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Bottle Plant Maintenance (বাজেট কোডঃ ০১-০৪-০১২) খাতের আওতায় ক্রয় পরিকল্পনার SL. No -3, Package No-G-3 হতে নির্বাহ করার অনুমোদন।

গ। উক্ত কাজটি উপরোক্ত শর্তাবলীসহ CPTU প্রণীত STD (e-PG2) অনুসরণ পূর্বক পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি, OTM (e-GP) প্রক্রিয়ায় আহবানের মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।



১৭.০৫.২০২৬
ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
বোপাউপ্ল্যার, ঢাকা ওয়াসা।


০২/০৫/২৬
মোঃ জহির উদ্দিন বাবর
রসায়নবিদ
বোপাউপ্ল্যার, ঢাকা ওয়াসা।


০৫/০৫/২৬
প্রকৌশলী মোঃ জয়নাল আবদীন
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্ল্যার, ঢাকা ওয়াসা।

০৪। অনুমোদিত।

PM/BVP


১৭/০৫/২৬
সহকারী মহাসচিব
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।